

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

আম্বরখানা শাখা, সিলেট।

## বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এত দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, আম্বরখানা শাখা, সিলেট এর ঋণ গ্রহীতা মেসার্স রাভিদ এন্টারপ্রাইজ এর সত্বাধিকারী জনাব আবুল কাশেম মোঃ হুমায়ুন পিতা- ডাঃ মোঃ আলাউদ্দীন, স্থায়ী ও বর্তমান ঠিকানা: ১৭, হাইস্কুল মার্কেট, ছাতক জেলা- সুনামগঞ্জ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে মোছাঃ লুৎফুননেছা চৌধুরী এর নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল মূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিল মূলে নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই ব্যাংকে প্রদান করা আছে ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১০/২০১৫ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট টাকা ১,৬৪,২৭,১১৩.৬৪ (এক কোটি চৌষট্টি লক্ষ সাতাশ হাজার এক শত তের টাকা চৌষট্টি পয়সা) সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহর কৃত দণ্ড পত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- সুনামগঞ্জ, থানা- ছাতক, সাব রেজিস্ট্রি অফিস- ছাতক, মৌজা- বাগবাড়ী, জেএল নং- এসএ এবং আর.এস নং- ২১৬, এস এ খতিয়ান নং- ১৬৭, মিউটেশন খতিয়ান নং- ৫৮৩, আর.এস ডিপি খতিয়ান নং- ৬৪৯, এস এ দাগ নং- ৩৪২, আর.এস দাগ নং- ১৫৮৮ মোট জমির পরিমাণ ১৫ শতাংশ এবং তদুপরিস্থিত (০২) দুই তলা যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দি উত্তরে রাস্তা, দক্ষিণে লুৎফুননেছা চৌধুরী, পূর্বে লুৎফুননেছা চৌধুরী, পশ্চিমে ওহিদুল্লাহ।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

আম্বরখানা শাখা, সিলেট।

## নিলামের শর্তাবলী

১. আগামী ২৩/১২/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আম্বরখান শাখা, ডাকঘর+ থানা+ জেলা- সিলেট এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।
২. প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আম্বরখান শাখা, ডাকঘর+ থানা+ জেলা- সিলেট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৩. উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
৪. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য আকস্মিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
৫. ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
৬. দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে হইবে।
৭. ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক  
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড  
আম্বরখান শাখা, সিলেট